



বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ
Embassy of Bangladesh
Embajada de Bangladesh
Madrid

জরুরী বিজ্ঞপ্তি

নং : এমআরডি/মাদ্রিদ/কনসুলার/২০১৭

তারিখ: ১৪.০৫.২০১৯

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫.০৫.২০১৯ তারিখ শনিবার বার্সেলোনা এবং এর আশেপাশের এলাকায় বসবাসরত বাংলাদেশীদের মাঝে কনসুলার সেবা প্রদান করা হবে।

- কেবলমাত্র যারা হাতে লেখা পাসপোর্ট হতে মেশিন রিডেবল পাসপোর্ট করবেন তারা কনসুলেট অফিস, বার্সেলোনা হতে সিরিয়াল গ্রহণ করবেন। সিরিয়াল গ্রহণ ব্যতীত কোনো ব্যক্তির পাসপোর্টের এনরোলমেন্ট করা হবে না।
- টেলিফোনে কোন সিরিয়াল প্রদান করা হবে না।
- সিরিয়াল গ্রহণের সময় পাসপোর্ট এবং জন্ম সনদের ফটোকপি দেখাতে হবে এবং তা জমা দিতে হবে।
- যারা পুরাতন ডিজিটাল পাসপোর্ট হতে নতুন ডিজিটাল পাসপোর্ট করবেন তাদের কনসুলেট অফিস, বার্সেলোনা হতে সিরিয়াল গ্রহণ করার প্রয়োজন নেই।
- যারা নবজাতক বাচ্চার ডিজিটাল পাসপোর্টের আবেদন জমা দিবেন তাদের কনসুলেট অফিস, বার্সেলোনা হতে সিরিয়াল গ্রহণ করার প্রয়োজন নেই।
- কনসুলেট অফিস বার্সেলোনায় সরাসরি হাজির হয়ে সিরিয়াল গ্রহণ করতে হবে। ২০.০৫.২০১৯ তারিখ সোমবার সকাল ১০ টা হতে সিরিয়াল প্রদান করা হবে।

তারিখ: ২৫.০৫.২০১৯ শনিবার

স্থান: **Centro Cívic URGELL, Calle Comte d' Urgell n° 145, 08036, Barcelona**

সময়: সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা।

সেবাসমূহ: **সকাল ১০:০০ টা হতে বেলা ২:০০ টা এবং দুপুর ৪:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা** সিরিয়াল গ্রহণকারীদের মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট, ০৬ বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ এবং যাদের ডিজিটাল পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০১ মাস আছে তাদের পাসপোর্ট রিনিউ –এর আবেদন জমা নেয়া, পাসপোর্ট বিতরণ, ট্রাভেল পারমিট প্রদান, এনভিআর এর আবেদন গ্রহণ, বিভিন্ন কাগজপত্র সত্যায়ন, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য পদের আবেদন গ্রহণ।

- বিতরণযোগ্য পাসপোর্টের তালিকার জন্য অয়েবসাইটঃ www.bangladeshembassy.es
- কনসুলার সেবা প্রদানের জন্য দূতাবাস সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে।

